



সামরিক সচিব

মেজর জেনারেল আবুল হোসেন
রাষ্ট্রপতির সামরিক সচিব
রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগ
বঙ্গভবন, ঢাকা।

আ: স: পত্র নং- ০২.০০.০০০০.০০৭.১৬.০২৩.১৫.১৫৯১১

তারিখ: ১৫ নভেম্বর ২০১৬

প্রিয় স্যার,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ১৯৯১ সনে দেশে সংসদীয় পদ্ধতির সরকার প্রবর্তনের পর রাষ্ট্রপতির সচিবালয় পুনর্গঠনের ফলে পৃথক ও স্বতন্ত্র বিভাগ হিসাবে আপন বিভাগ ও জন বিভাগের সমন্বয়ে রাষ্ট্রপতির কার্যালয় গঠিত হয়। উভয় বিভাগের সাংগঠনিক কাঠামো ভিন্ন এবং বাজেট বরাদ্দও পৃথকভাবে হয়। বর্তমানে আপন বিভাগের যাবতীয় কার্যক্রম রাষ্ট্রপতির সামরিক সচিবের (মেজর জেনারেল পদমর্যাদার) তত্ত্বাবধানে পৃথকভাবে পরিচালিত হচ্ছে।

২. আপন বিভাগ কর্তৃক মহামান্য রাষ্ট্রপতির দাপ্তরিক ও পারিবারিক বিষয়াদি ছাড়াও বঙ্গভবনে জাতীয়, রাষ্ট্রীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ধরনের অনুষ্ঠানের আয়োজন, মহামান্য রাষ্ট্রপতির সফর ও প্রটোকল এবং মহামান্য রাষ্ট্রপতি ও বঙ্গভবনের নিরাপত্তা সংশ্লিষ্ট সামগ্রিক কার্যাবলী সম্পাদন করা হয়। বঙ্গভবনে অনুষ্ঠিত সকল গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় অনুষ্ঠানাদির পরিকল্পনা প্রণয়ন, তত্ত্বাবধান ও বাস্তবায়ন ছাড়াও দেশে এবং বিদেশে মহামান্য রাষ্ট্রপতি যে সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করেন সে সকল অনুষ্ঠান যথাযথ রাষ্ট্রাচার অনুযায়ী সুচারুরূপে সম্পন্ন করার বিষয়টি এ বিভাগ কর্তৃক নিশ্চিত করা হয়। যা বঙ্গভবন তথা দেশের ভাবমূর্তিকে সমৃদ্ধ রাখতে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

৩. বর্তমানে কিছু কিছু ক্ষেত্রে আপন বিভাগ সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রেরিত পত্রাদি সচিব, রাষ্ট্রপতির কার্যালয় জন বিভাগ বরাবর প্রেরণ করা হয়ে থাকে। এমনকি সরকারের গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা সম্বলিত পত্রাদিও অনেক সময়ে গুরু জন বিভাগে পাঠানো হয়, আপন বিভাগে পাঠানো হয় না। ফলে আপন বিভাগ এ সকল বিষয়ে অবগত থাকে না। এ বিভাগ সংশ্লিষ্ট পত্রাদি যথাযথভাবে প্রেরিত না হওয়ায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সম্ভব হয় না। এখানে বিভিন্ন সময়ে নানা জটিলতার সৃষ্টি হয়।

৪. এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক রাষ্ট্রপতির কার্যালয়ের জন বিভাগ বরাবর ইস্যুকৃত সংশ্লিষ্ট পত্র একই সঙ্গে রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা বরাবর প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সদয় নির্দেশনা প্রদানের বিষয়ে আপনার সানুগ্রহ হস্তক্ষেপ কামনা করছি।

শ্রদ্ধান্ত

প্রশাসন-১ শাখা

ডায়েরী নং... ৪২৪

তারিখ: ২৬/১১/১৬

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপারিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডায়েরী নং-	তারিখ
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (সচিবের দপ্তর)	
অতিরিক্ত সচিব (প্রঃ-১)	* উপ-সচিব
অতিরিক্ত সচিব (যুব-১)	* উপ-প্রধান
যুগ্ম-সচিব (বাজেট)	* প্রকল্প সচিব
যুগ্ম-সচিব (সমন্বয়)	
যুগ্ম-সচিব (ক্রীড়া-১)	
যুগ্ম-সচিব (ক্রীড়া-২)	
যুগ্ম-সচিব (যুব-২)	
	সচিবের স্বাক্ষর

আন্তরিকভাবে আপনার

(মেজর জেনারেল আবুল হোসেন)

যুগ্ম-সচিবের দপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
উপ-সচিব (প্রঃ)
<input type="checkbox"/> উপ-সচিব (যুব)
<input type="checkbox"/> উপ-সচিব (যুব-২)
<input type="checkbox"/> উপ-প্রধান
নম্বর: ৪২৪
তারিখ: ২৬/১১/১৬


১৭৫০
২৩/১১/১৬
১১/১৬

আ: স: পত্র নং- ০২.০০.০০০০.০০৭.১৬.০২৩.১৫.১২১১

তারিখ: ১৫ নভেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব/সচিব, যু. ও. ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।



মেজর জেনারেল আবুল হোসেন
রাষ্ট্রপতির সামরিক সচিব।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪১.০৩.০৩৩.০৯.১২৩৪

তারিখ: ০১-১২-২০১৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সকল)/উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিং সহকারী সচিব/ সহকারী সচিব (সকল)/সিংসহকারী প্রধান/সহকারী প্রধান (সকল),
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ✓ ৫। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)


(হোসনা আফরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫